

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

টিউটোরিয়াল (১) পরীক্ষা-২০২১

একাদশ শ্রেণি

বাংলা ১ম পত্র

সময়ঃ ২০ মিনিট

পূর্ণমানঃ ১০

## যে কোন ১টি প্রশ্নের উত্তর দাওঃ

১। “কন্যার বাপ সবুর করিতে পারিতেন, কিন্তু বরের বাপ সবুর করিতে চাহিলেন না। তিনি দেখিলেন, মেয়েটির বিবাহের বয়স পার হইয়া গিয়াছে, কিন্তু আর কিছু দিন গেলে সেটাকে ভদ্র বা অভদ্র কোনো রকমে চাপা দিবার সময়টাও পার হইয়া যাইবে। মেয়ের বয়স অবৈধ রকমে বাড়িয়া গিয়াছে বটে, কিন্তু পণের টাকার আপেক্ষিক গুরুত্ব এখনো তাহার চেয়ে কিঞ্চিৎ উপরে আছে, সেই জন্য তাড়া।”

- ক) ‘অপরিচিতা’ গল্পে কাকে গজাননের ছোট ভাই বলা হয়েছে? ১
- খ) “ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই”- উক্তিটি কোন প্রসঙ্গে করা হয়েছে? ২
- গ) উদ্দীপকের কন্যার বাপের সাথে ‘অপরিচিতা’ গল্পের অনুপমের মামার সাদৃশ্য দেখাও। ৩
- ঘ) উদ্দীপকের ঘটনান্বেষণে ‘অপরিচিতা’ গল্পের খন্ডাংশের প্রতিনিধিত্ব করে মাত্র- কথাটির যথার্থতা বিচার কর। ৪

২। ভারতের কোনো যুদ্ধই এই পানিপথের যুদ্ধের সমতুল্য নহে, সমস্তগুলিই ভীষণ মহাযুদ্ধ। এই পানিপথই হিন্দুদিগের কুরুক্ষেত্র। এই স্থানেই কুরু-পান্ডবের ভীষণ যুদ্ধ হিন্দুদিগের সৌভাগ্য সূর্য চির অস্তমিত। এই স্থানেই মুসলমান বীরপুরুষগণ মহাবিক্রমে মুসলমান লোদিবংশ ধ্বংস করিয়াছিলেন। এই স্থানেই মুসলমান আকবর তাহার স্বজাতীয় পাঠান সম্রাটের হিন্দু সেনাপতি হিমুকে বিধ্বস্ত করিয়া তাহার বিস্তৃত রাজ্যের ভিত্তিমূল সংস্থাপিত করেন।

- ক) ‘বিভীষণের প্রতি মেঘনাদ’ কবিতায় যমালয়কে কী বলা হয়েছে? ১
- খ) ‘পড়ি কি ভূতলে শশী যান গড়াগড়ি/ধূলায়?’- বুঝিয়ে দাও। ২
- গ) উদ্দীপকটি ‘বিভীষণের প্রতি মেঘনাদ’ কবিতার কোন বিষয়টির সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
- ঘ) পররাজ্য দখল ও রাজ্যবিস্তার করার লোভ চরিতার্থের জন্য নির্মম যুদ্ধই প্রতিফলিত হয়েছে উদ্দীপক ও ‘বিভীষণের প্রতি মেঘনাদ’ কবিতায়। মন্তব্যটির যথার্থতা যাচাই কর। ৪